

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।
Email: trishal@uhfpo.dghs.gov.bd

১২ বছর ও তদূর্ধ্ব বয়সী কওমি মাদ্রাসা শিক্ষার্থীবৃন্দের কোভিড-১৯ টিকাদান প্রসঙ্গেঃ

কওমি মাদ্রাসাসমূহের শিক্ষার্থীবৃন্দকে অবিলম্বে কোভিড-১৯ টিকাদানের আওতায় আনার উদ্দেশ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

১. কওমি মাদ্রাসাসমূহ হতে অবিলম্বে ১২ বছর ও তদূর্ধ্ব বয়সী শিক্ষার্থীদের তালিকা করতে হবে। এক্ষেত্রে ১৮ বছরের নিচে কতজন এবং ১৮ বছরের উপরে কতজন সেই তালিকা আলাদাভাবে করতে হবে।

২. জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদ ধারী শিক্ষার্থীবৃন্দ সুরক্ষা ওয়েবসাইটে নিবন্ধনের মাধ্যমে টিকাকার্ড প্রিন্ট করে টিকা গ্রহণ করবে। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন না থাকলে নিজস্ব ব্যবস্থাপনায় কোভিড-১৯ টিকাকার্ডের মাধ্যমে টিকা গ্রহণ করবে।

শিক্ষার্থীদের তালিকায় কি কি উল্লেখ থাকতে হবে তা নিম্নে উল্লেখ করা হলোঃ

১. নাম
২. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নম্বর
৩. জন্ম তারিখ
৪. বয়স
৫. মোবাইল নম্বর (নিজ/অভিভাবক এর)

প্রতিষ্ঠানভিত্তিক শিক্ষার্থীদের সংখ্যা নিম্নলিখিত ফরম্যাটে ত্রিশাল উপজেলা স্বাস্থ্য বিভাগকে ০২ (দুই) কার্যদিবসের মধ্যে সরাসরি অথবা ত্রিশাল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর ইমেইলে (Email: trishal@uhfpo.dghs.gov.bd) অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	১২- ১৮ বছর বয়সী শিক্ষার্থীর সংখ্যা	১৮+ বছর বয়সী শিক্ষার্থীর সংখ্যা	মোট শিক্ষার্থীর সংখ্যা

বিস্তারিত জানার উদ্দেশ্যে সকল মাদ্রাসা প্রধান/ প্রধান কর্তৃক মনোনীত ব্যক্তিকে ত্রিশাল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রচারেঃ কর্তৃপক্ষ।